# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**19 JULY 2025** **7:45—7:55 PM IST**

==================================================

১৮-৭-২৫ / ৭-৪৫

আকাশবানী শিলচর
আঞ্চলিক সংবাদ পড়ছি - মনিদীপা দেব
আজকের বিশেষ বিশেষ খবর হলো

---------------------------------------------------------

১) অবৈধ দখলকারীর বিরুদ্ধে আসাম সরকারের উচ্ছেদ অভিযানকে নিয়ে পশ্চিমবংগের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর মন্তব্যের প্রতি মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার প্রতিক্রিয়া ।

২) কেন্দ্রীয় সরকারের শরাইঘাটে ব্রহ্মপুত্রের ওপর দ্বিতীয় রেল তথা সড়ক সেতু নির্মাণে অনুমোদন ।

৩) রাজ্য সরকারের উমরাংশু , হোজাই ও রঙিয়ার তিনটি গুরুত্বপূর্ন সিমেন্ট গোষ্ঠীতে বিনিয়োগের জন্য অম্বুজা সিমেন্টের সংগে সমঝোতা চুক্তি ।

এবং

৪) শিলচরের আসাম বিশ্ববিদ্যালয়ে রেসিলিয়েন্ট ইকস ফ্রম দ্যা ইষ্ট শীর্ষক টেডেক্স ২০২৫ অনুষ্ঠিত ।

-------------------------------------------------------------------------------

আসাম সরকার জনসাধারণের বিরুদ্ধে লড়াই করেনি বরং সীমান্তের ওপার থেকে আসা অনিয়ন্ত্রিত অনুপ্রবেশকারীকে প্রতিহত করার চেষ্টা চালিয়েছে বলে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা মন্তব্য করেছেন । পশ্চিমবঙ্গের মূখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর সামাজিক মাধ্যমে একটি পোস্ট সম্পর্কে প্রতিক্রিয়া ব্যাক্ত করে মূখ্যমন্ত্রী আজ একথা বলেন । তিনি বলেন যে অনুপ্রবেশের ফলে ইতিমধ্যে রাজ্যের জনপরিকাঠামো ভয়াবহভাবে পরিবর্তন হয়েছে । আসাম সরকার ভাষা বা ধর্মের ভিত্তিতে জনসাধারণকে ভাগ করেনা বলে উল্লেখ করে ড.শর্মা বলেন যে রাজ্যে বাংলা ,অসমীয়া বড়ো ,হিন্দী সব ভাষা ভাষীর লোক এবং সম্প্রদায় শান্তিপূর্ণভাবে বসবাস করে আসছে । সীমান্ত ও সাংস্কৃতিক ভিত সুরক্ষিত না রাখতে পারলে কোনো সভ্যতা টিকে থাকতে পারেনা তিনি মন্তব্য করেন । ড.শর্মা বলেন যে বর্তমান সরকার রাজ্যের ঐতিহ্য , মর্যাদা এবং জনসাধারণের সুরক্ষার জন্য লড়াই করে যাবে । আগে পশ্চিমবঙ্গের মূখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আসাম সরকারের অবৈধ দখলকারীদের বিরুদ্ধে চালানো উচ্ছেদ অভিযানের সমালোচনা করে বিজেপি সরকার এক্ষেত্রে সবধরণের সীমা অতিক্রম করেছে বলে অভিযোগ করেছিলেন ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার শরাইঘাটে ব্রহ্মপুত্রের ওপর দ্বিতীয় রেল তথা সড়ক সেতু নির্মাণে অনুমোদন দিয়েছে । এক হাজার ৪৭৩ কোটি ৭৭ লক্ষ টাকা ব্যয় সাপেক্ষে এই সেতুটি আগিয়াঠুরি - কামাখ্যা - রেলপথের দ্বৈতকরণের অংশ হিসেবে নির্মাণ করা হবে । উত্তরপূর্ব সীমান্ত রেলের এক বিজ্ঞপ্তী অনুযায়ী এক দশমিক ৩ কিলোমিটার দৈর্ঘ্যের এই ষ্টীল কম্পোজিট গার্ডের সেতুটি নির্মাণ করা হবে । সেতুটির নীচের অংশে দ্বৈত রেলপথ ও ওপরের অংশে পায়েহাটা সড়কের সংগে তিন লেনযুক্ত সড়ক থাকবে । এই সড়কটির কাজ সম্পূর্ন হয়ে গেলে আগিয়াঠুরি - কামাখ্যা ক্ষেত্রে রেল পথের সামর্থ অভূতপূর্বভাবে বৃদ্ধি পাবে । সেতুটি অঞ্চলটির শিল্প বিকাশে প্রেরণা যোগানো সহ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে সহায়তা করবে বলে ও আশা করা হচ্ছে ।

---------------------------------------------------------------------------------------

আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতির অংশ হিসেবে সোণাপুরে আজ থেকে দুদিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে বিজেপির চিন্তন বৈঠক অনুষ্ঠিত হচ্ছে ।বৈঠকে ২০২৬ সালের নির্বাচনে দল কিভাবে এগিয়ে যাবে সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় । বৈঠকে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা , কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল , আসামের দায়িত্বে থাকা দলের নেতা হরিশ দিবেদী সহ বেশ কয়েকজন দলীয় শীর্ষ নেতা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

স্বাধীনতা সংগ্রামী তথা ঐতিহাসিক সিপাহী বিদ্রোহের শহীদ মংগল পান্ডের জন্ম জয়ন্তীতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তার প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেছেন । সামাজিক মাধ্যমের এক বার্তায় শ্রী মোদী মংগল পান্ডেকে দেশের প্রথমসারির যোদ্ধা বলে অভিহিত করে বলেন যে তিনি শক্তিশালী ব্রিটিশ শাসনকে প্রত্যাহ্বান জানিয়েছিলেন ।মংগল পান্ডের সাহসের কাহিনী দেশবাসীকে সবসময় প্রেরণা যুগিয়ে আসছে বলে শ্রীমোদী উল্লেখ করেন ।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ সামাজিক মাধ্যমে মংগল পান্ডেকে স্মরণ করেন ।মংগল পান্ডেকে দেশপ্রেমের প্রেরণা হিসেবে উল্লেখ করে শ্রী শাহ বলেন যে ঔপনিবেশিকতার বিরুদ্ধে চলা লড়াই এ মংগল পান্ডের গুরুত্বপূর্ন ভূমিকা ছিল ।

কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং ও কেন্দ্রীয় মন্ত্রী জে পি নাড্ডা মংগল পান্ডের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন ।

-------------------------------------------------------------------------------------

রাজ্য সরকার বিনিয়োগ সম্মেলন এডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণের অধীনে উমরাংশু, হোজাই ও রঙিয়ার তিনটি গুরুত্বপূর্ণ সিমেন্ট গোষ্ঠীতে ১০ হাজার কোটি টাকা বিনিয়োগের জন্য আম্বুজা সিমেন্ট লিমিটেডের সঙ্গে এক সমঝোতা চুক্তিতে সাক্ষর করেছে। শিল্প ও বাণিজ্য মন্ত্রী বিমল বরা আজ সামাজিক মাধ্যমে একথা জানান। মন্ত্রী বলেন যে এই প্রকল্প রাজ্যের যুবক যুবতীদের জন্য ৭ হাজারের বেশি কর্মসংস্থানের সৃষ্টি করবে। শ্রীবরা অন্য সংস্থাগুলিকেও আসামে বিনিয়োগের জন্য এগিয়ে আসতে আহ্বান জানিয়েছে।

-------------------------------------------------------------------------------------

শিলচরের আসাম বিশ্ববিদ্যালয়ে আজ প্রথমবারের মতো রেসিলিয়েন্ট ইকোস ফ্রম দ্য ইস্ট শীর্ষক টেডেক্স ২০২৫ অনুষ্ঠিত হয়েছে । রেসিলিয়েন্ট ইকোস ফ্রম দ্য ইস্ট অর্থাৎ # পূর্বাঞ্চলের দৃঢ় প্রতিধ্বনি # শীর্ষক এই অনুষ্ঠান উত্তর পূর্বাঞ্চলের সংস্কৃতি ,সংগ্রাম ,বীরত্ব ,সৃষ্টিশীলতা এবং জ্ঞান উদযাপনের মঞ্চ হিসেবে আত্মপ্রকাশ করে । দিনব্যাপী আয়োজিত অনুষ্ঠানে বক্তা হিসেবে বিশিষ্ট হিন্দী অধ্যাপক ড.বিজেন্দ্র চৌহান , চলচ্চিত্র নির্মাতা এবং সাংস্কৃতিক গল্পকার অর্ঘদীপ বরুয়া , কাছাড় ক্যান্সার হাসপাতালের সঞ্চালক পদ্মশ্রী এবং রমন ম্যাগসেসে পুরস্কার প্রাপক ড.রবি কান্নান , লেফটেনেন্ট কর্নেল কে শচীন সিং , সংযুক্ত আরব আমিরশাহী থেকে আগত বিনিয়োগ ব্যাঙ্কিং বিশেষজ্ঞ সাগর তেজওয়ানী প্রমূখ বিশিষ্ট ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন ।
আয়োজক সমিতির অধ্যক্ষ সীমা পাল এ সম্পর্কে আমাদের সংবাদদাতাকে জানান -------

-----------বাইট-------

কাছাড় ক্যান্সার হাসপাতালের সঞ্চালক ড.রবি কান্নান এ বিষয়ে আলোকপাত করে বলেন---

------------বাইট---------

--------------------------------------------------------------------------------

শিলচরে আজ ৭২০ তাইকোয়ান্ডো অ্যান্ড ফিটনেস একাডেমীর উদ্যোগে পঞ্চমবারের মতো ফিফথ ফাউন্ডেশন কাপ ইনভাইটেশনেল ইন্টার-ক্লাব তাইকোয়ান্ডো চ্যাম্পিয়নশিপ অনুষ্ঠিত হয়েছে । এতে বিভিন্ন জেলা ও ক্লাব থেকে ৫ থেকে ৫০ বছরের তিনশোরও অধিক খেলোয়াড় অংশ গ্রহণ করেন । শিলচরের একটি ভবনে আজ সকালে এই প্রতিযোগীতার উদ্বোধন করেন  কাছাড় জেলা ক্রীড়া সংস্থার সভাপতি শিবব্রত দত্ত ,দেবাশিষ সোম ,রাজেশ দাস সহ আন্যান্য বিশিষ্ট ব্যাক্তিরা । কিওরুগি ,পুমসে ( সিঙ্গল ,ডাবল ও গ্রুপ ) , স্পিড কিক ,সেলফ ডিফেন্স অ্যাক্ট এবং বিশেষ আকর্ষণ ট্যাগ টিম ফাইট ( ৪ বনাম ৪ ) বিভাগে গৌহাটী ,ডিমাহাসাও ,হাইলাকান্দি , শ্রীভূমি ,কাছাড় সহ উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন স্থান থেকে প্রতিযোগীরা অংশগ্রহণ করেন । ১৫ জন জাতীয় স্তরের রেফারি চারটি প্রতিযোগীতা ম্যাটে খেলা পরিচালনা করেন । সেরা খেলোয়াড় ও দলগুলিকে ট্রফি ও পদক দিয়ে সম্মানিত করা হয় । প্রতিযোগীতা আয়োজক কমিটির পক্ষ থেকে বশিষ্ঠ দাস আমাদের সংবাদদাতাকে জানান যে এধরণের আয়োজন প্রত্যেক প্রতিযোগীকে জাতীয় স্তরের প্রতিযোগীতায় অংশ নেবার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করবে ।

--------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী  ধর্মেন্দ্র প্রধান বলেছেন যে  ভারত ২০৪৭ সালের মধ্যে  একটি উন্নত দেশ হিসেবে পরিগণিত হোয়ার দিকে এগিয়ে চলেছে ও এই লক্ষে উপনীত হোয়ার ক্ষেত্রে প্রতিজন নাগরিকের ভূমিকা রয়েছে । কেরালার আই আই টি পালাক্কাড়ের সপ্তম সমাবর্তন অনুষ্ঠানে অংশ গ্রহণ করে মন্ত্রী একথা বলেন । শ্রী প্রধান পরিবহন , গৃহ নির্মাণ  , চিকিৎসা সেবা ও কৃষি সহ বিভিন্ন ক্ষেত্রে বিশ্বমানের পরিকাঠামো  তৈরীতে শিক্ষার্থীদের নেতৃত্ব নিতে আহ্বান জানান । বিশ্ব ডিজিটেল ক্ষেত্রে ভারতের ক্রমবর্ধমান ভূমিকায় আলোকপাত করে শ্রী প্রধান বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সমগ্র দেশে বিস্তৃত ও শুদ্ধ ডিজিটেল সরকারী পরিকাঠামোর পোষকতা করে আসছে ।  তিনি  কৃষি ক্ষেত্রে আধুনিক প্রযুক্তির ব্যবহার ও প্রযুক্তি ক্ষেত্রে ভারতের আত্মনির্ভরতায় গুরুত্ব আরোপ করেন ।

---

লায়ন্স ক্লাবশিলচর সেন্ট্রাল এবং লায়ন্স চক্ষু হাসপাতাল শিলচরের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অফ লক্ষীপুর এবং রামকৃষ্ণ সেবাশ্রম সংঘ লক্ষীপুরের ব্যাবস্থাপনায় আগামী সোমবার রামকৃষ্ণ সেবাশ্রম সংঘ প্রাঙ্গণে সকাল ১০ টা থেকে দুপুর দুটো পর্যন্ত বিনামূল্যে চোখের ছানি শণাক্তকরণ শিবির অনুষ্ঠিত হবে । ছানি পড়া দুস্থ রোগীদের ওইদিন সকাল ৮ টার পর শিবিরে উপস্থিত থেকে ক্রমিক নম্বরের টোকেন সংগ্রহ করতে বলা হয়েছে ।

---